# লিডার্স

**শ্যামনগর, সাতক্ষীরা**

## সাইক্লোন শেল্টার কাম নলেজ ম্যানেজমেন্ট সেন্টারের ৩য় তলা(Second floor) ভবন নির্মান কাজের শিডিউল/টর

তারিখঃ ২৭ নভেম্বর ২০২২

লিডার্স, একটি বেসরকারী উন্নয়ন মূলক প্রতিষ্ঠান, বাংলাদেশের উপকূলীয় এলাকায় বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করছে। লিডার্স দাতা সংস্থা "ব্রেড ফর দ্য ওয়ার্ল্ড" এর আর্থিক সহযোগিতায় "জলবায়ু পরিবর্তনে ঝুঁকিপূর্ণ জনগনের জীবন-জীবিকা নিরাপত্তা শক্তিশালীকরণ কার্যক্রম" এর আওতায় গবেষণা কাজের জন্য ও তথ্য প্রচারের মাধ্যমে জলবায়ু পরিবর্তন জনিত অভিঘাত কমিয়ে আনতে লিডার্সের প্রধান কার্যালয়ের ক্যাম্পোসে ৩ তলা বিশিষ্ট একটি সাইক্লোন শেল্টার কাম নলেজ ম্যানেজমেন্ট সেন্টারের নির্মান করা হচ্ছে। সম্পূর্ণ ভবনটি ৩ তলা হলেও ইতি মধ্যে নীচতলা(Ground floor) ও ২য় তলা(First floor) নির্মান কাজ সমাপ্ত হয়েছে। বর্তমান সময়ে ৩য় তলার (Second floor) নির্মান কাজ সম্পন্ন করা হবে।

**ভবনের বিবরণঃ** সাইক্লোন শেল্টার কাম নলেজ ম্যানেজমেন্ট সেন্টার যা একটি ৩ তলা বিশিষ্ট ভবন। দৈর্ঘ্যঃ ৫২.২ ফুট ও প্রস্থঃ ২৯.২ ফুট ।

**কাজের বিবরণঃ** ভবনটির ৩য় তলা(Second floor) নির্মান করা হবে। লিডার্সের সরবরাহকৃত স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল প্লান, ইলেকট্রিক প্লান ও প্লাম্বিং প্লান অনুযায়ী ৩য় তলার(Second floor) নির্মান কাজ করতে হবে।

**স্থানঃ** সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার মুন্সিগঞ্জ ইউনিয়নের মুন্সিগঞ্জ মৌজার মেইনরোডের পাশে লিডার্স এনজিও এর প্রধান কার্যালয় ক্যাম্পাসে।

**ভবনের বিস্তারিত বিবরণঃ**

| ক্রমিক | তলা | ব্যবহার | বিস্তারিত |
|---|---|---|---|
| ১ | ৩ তলা | বেড রুম | বেডরুম ৪ টি, (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |
| | | বার্থরুম | বার্থরুম ৫ টি, (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |
| | | লিভিংরুম, ওয়েটিং রুম ও অন্যান্য | লিভিং রুম, ওয়েটিং রুম, করিডোর ও সিড়িঘর (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |
| | | সিড়ি ঘরের চিলেকোটা | ২য় তলায় অবস্থিত বর্তমান অস্থায়ী চিলেকোটাটি অপসারণ করে ডিজাইন অনুযায়ী পুনরায় নির্মান (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |
| ২ | নীচ তলা | পানি সংরক্ষন ট্যাংক | পানি সংরক্ষন ট্যাংক- ১ টি ১০,০০০ লিঃ পরিমাপের (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |
| | | রাস্তা নির্মান | রাস্তা নির্মান ১ টি ইট সোলিং (স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী) |

**বর্তমান ভবনের চিত্রঃ**

ভবনের ছবি

ফল্স সিড়িঘরসহ ছাদের উপরের ছবি

ছাদের উপরে কলামের রাফ ঢালাই এর ছবি

ভবন নির্মানের সিডিউলঃ

| ক্র. নং | কাজ নাম/ উপকরণ ব্যবহার | কাজের বিবরন |
|---|---|---|
| ১. | সিমেন্ট | সকল ক্ষেত্রে সিমেন্ট হোলসিম (PCC) ব্যবহার করতে হবে। |
| ২. | রড | ৫০০W টি,এন,টি বার (৬০ গ্রেড)- বি এস আর এম (ফ্যাক্টরি টেস্টিং রিপোর্ট সহ) |
| ৩. | দরজা | কাঠের এবং পিভিসি<br>বাথরুমঃ পিভিসি দরজা ২.৫ ফিট x ৭ ফিট National Polymer Diamond Cosmic Door<br>রুমঃ কাঠের দরজা বিল্ডিং এর দরজার সাইজ অনুয়ারী (মেহগনি ১০০% সার কাঠ) ১.২৫ ইঞ্চি পুরু ও ডিজাইন |
| ৪. | জানালা ও অন্যান্য স্লাইডিং দরজা | থাই গ্লাস- ৬ মিলিমিটার (কফি কালার)। ফ্রেম -কাই এলুমিনিয়াম(১.২ মিলিমিটার পুরুত্ব) |
| ৫. | কংক্রিট মিকচার | গ্রেড বিম এবং কলামঃ মিকচার ১:২:৩; ৩/৪ কালো পাথরের (গ্রানাইড) পাথরের খোয়া,<br>রুফ স্লাবঃ ৫ ইঞ্চি পুরুত্ব, মিকচার ১:২:৩; ৫/৮ পিকেট ইটের খোয়া, ডবল জালি(৬ ইঞ্চি × ৬ ইঞ্চি)<br>ফলস স্লাবঃ ৩ ইঞ্চি পুরুত্ব, অন্যান্য মিকচার ১:২:৩; ৫/৮ পিকেট ইটের খোয়া<br>সিঁড়ি/স্টেয়ারঃ মিকচার ১:২:৩; ৩/৪ কালো পাথরের (গ্রানাইড পাথরের খোয়া)<br>সকল ঢালাই কাজে বালি ব্যবহারে সিলেট বালি (কোর স্যান্ড) ও ১নং কুষ্টিয়া বালির অনুপাতিক মিশ্রণ ( ২: ১ )<br>সকল ঢালাই কাজে প্রতি ব্যাগ সিমেন্ট এর জন্য লবন প্রতিরোধী কেমিক্যাল ২৫০ মিলি লিটার হারে ব্যবহার করতে হবে। |
| ৬. | ব্রিক ম্যাশনারি ওয়ার্ক (পয়েন্টিং গাঁথুনি) | প্রথম শ্রেনীর অটো ব্রিক্স এর ইট, সাইজ নুন্যতম- ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি x ২.৭৫ ইঞ্চি । মিকচার ১:৩; পি.সি.সি সিমেন্ট, ১নং বালি (কুষ্টিয়া); প্রতি ব্যাগ সিমেন্ট এর জন্য লবন প্রতিরোধী কেমিক্যাল ২৫০ মিলি লিটার। |
| ৭. | পলেস্তারা | পলেস্তারাঃ মিকচার ১:৩ পি.সি.সি. সিমেন্ট; ১ নং বালি (কুষ্টিয়া); প্রতি ব্যাগ সিমেন্ট এর জন্য লবন প্রতিরোধী কেমিক্যাল ২৫০ মিলি লিটার। |
| ৮. | টাইলস | মেঝেঃ টাইলস- ২ ফুট x ২ ফুট (গ্রেট ওয়াল- অফহোয়াইট), গ্রেড এ। স্কাটিং মিরর পলিশ কালো।<br>বাথরুমঃ ওয়াল টাইলস এ গ্রেড ২০ ইঞ্চি x ১২ ইঞ্চি সেটসহ ((গ্রেট ওয়াল), ফ্লোর টাইলস এ গ্রেড ১৬ ইঞ্চি x ১৬ ইঞ্চি (হোমোজেন)<br>সিড়িঃ ১২ ইঞ্চি x ১২ ইঞ্চি স্টেয়ার এ গ্রেড টাইলস ((গ্রেট ওয়াল) স্কাটিং মিরর পলিশ কালো। |
| ৯. | রেলিং/গ্রিল, | এস এস (গ্রেড-৩০৪), ১.২ মিমি থিকনেস (স্টীলটেক/এসকেবি)<br>বেলকনি রেলিংঃ প্রতিটি উচ্চতা ৩ফুট, ১ ইঞ্চি x ১ ইঞ্চি পরিমাপের স্ট্যান্ড খুঁটি প্রতি ৩ফুট পরপর, উপরে ২ ইঞ্চি x ২ ইঞ্চি পরিমাপের বার, মাঝে ২ সারি ২ ইঞ্চি x ১ ইঞ্চি পরিমাপের বার এবং ৫ সারি ৩/৪ ইঞ্চি x ৩/৪ ইঞ্চি পরিমাপের বার দিতে হবে।<br>সিড়ির রেলিংঃ সিড়ির - ৩ফুট উচ্চতার মোট ৬টি ১.৫ ইঞ্চি ব্যাসের গোল খুঁটি, উপরে- ২ ইঞ্চি ব্যাসের গোল বার, মাঝে ৪ সারিতে .৭৫ ব্যাসের গোল বার দিতে হবে। |
| ১০. | ইলেকট্রিকাল এর কাজ | বিদ্যুৎ, সোলার, ওয়াইফাই, সিসি ক্যামেরা ও টেলিফোন ওয়ারিং ।<br>তারঃ বিআরবি কেবল কোম্পানী। হেবি ডিউটি লাইনের জন্য ১০ আরএম তার, এসি লাইনের জন্য ৬ আরএম, মাল্টি সকেট লাইন ৩ আরএম, লাইট ও ফ্যান এর জন্য ২ আরএম তার এবং সোলার লাইনের জন্য ৪০/৭৬ তার।<br>সুইচঃ ওয়ালটন কোম্পানীর কম্বাইন সুইচ এবং মাল্টি সকেট- ২য় তলা(First floor) এর ডিজাইন, কালার ও পাওয়ার অনুয়ায়ী।<br>সার্কিট ব্রেকারঃ হুন্দাই কোম্পানী ১০/১৬/২০/.. .. .. পাওয়ার অনুযায়ী এম্পিয়ার।<br>টিউব লাইটঃ এলইডি ৪০ ওয়াট, ওয়ালটন,<br>ছোট লাইটঃ এলইডি বাল্ব- ২৮ ওয়াট, বার্থরুম- ১০ ওয়ার্ট, তিন কালার (মাল্টি সার্ভিস) ২৮ ওয়াট, |

| | | |
|---|---|---|
| | | ওয়ালটন।<br>সোলার বাল্ব (এলইডি)ঃ ৭ ওয়ার্ট, ১২ ভোল্ট ডিসি, ব্রান্ড- সুপার স্টার<br>বিদ্যুৎ নিরোধক লাইন- ৪ টি<br>ফ্যানঃ বিআরবি সিলিং ফ্যান(৫৬ ইঞ্চি) |
| ১১. | প্লাম্বিং এর কাজ | পাইপঃ আরএফএল(গ্রেড ক্লাস সি)।<br>পানির লাইন: আরএফএল থ্রেট পাইপের সংযোগ।<br>কমোড - VIVINA commode (Stella) Hydraulic Seat cover<br>স্টান্ডসহ বেসিনঃ VIVANA (Stella) wash basin |
| ১২. | পেইন্টিং এর কাজ ইত্যাদি/কেমিক্যাল | রুমের ভেতরে ও বাইরের যে সকল স্থানে প্লাস্টার হবে সে সকল স্থানে ২ কোড সিলার(SEALER) সহ রং করে দিতে হবে।<br>কালারঃ ওয়েদার কোড বার্জার কেম্পানী(রং পরবর্তীতে নির্ধারিত হবে)।<br>ইটের উপরে এশিয়ান সিলিকনসহ ইটের রং করতে হবে। |
| ১৩. | ব্রিক সোলিং রাস্তা | রাস্তার বাইরে ৫ ইঞ্চি ইটের গাথুনী ও বালি ভরাট এবং ইটের ৩ ইঞ্চি গাথুনি |
| ১৪. | অন্যান্য | |

**শর্তাবলীঃ**

১. দরপত্র প্রস্তুত সময়ে সংযুক্ত সিডিউল অনুসরণ করতে হবে।
২. বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে মধ্যে দরপত্র জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না।
৩. দরপত্রে কোনরুপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহনযোগ্য হবে না
৪. দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গানিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুন করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।
৫. দরপত্রের মেয়াদ কত তারিখ পর্যন্ত বহাল থাকবে সেটা উল্লেখ করতে হবে।
৬. চূড়ান্ত নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর ৬ মাসের মধ্যে নির্মান কাজ শেষ করতে হবে।
৭. ঠিকাদার প্রতিষ্ঠানকে নির্মান সংক্রান্ত গুনগত মানসম্পন্ন ও উল্লেখিত কোম্পানীর মালামাল ব্যবহার করতে হবে।
৮. নির্মান কার্যক্রম চলাকালীন সময়ে শ্রমিকদের থাকা-খাওয়ার ব্যবস্থা ঠিকাদারী প্রতিষ্ঠানকে করতে হবে। তবে তারা লিডার্সের ক্যাম্পাসে অস্থায়ী ক্যাম্প তৈরি করে থাকতে পারবে।
৯. সকল কাজ সম্পাদিত হবে স্ট্রাকচারাল ও আর্কিটেকচারাল নকশা অনুযায়ী।
১০. ঠিকাদারী প্রতিষ্ঠানে একজন প্রকৌশলী থাকতে হবে, যিনি এই কার্যক্রম নিয়মিত পরিদর্শন করবেন। দরপত্রের সাথে তার সিভি (জীবন বৃত্তান্ত) সংযুক্ত করতে হবে।
১১. ভ্যাট ও ট্যাক্স সরকারী বিধি মোতাবেক কর্তন করা হবে।
১২. দরপত্রে ভ্যাট ও ট্যাক্স উল্লেখ করতে হবে।
১৩. ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে। সকল টাকা একাউন্ট পেয়ী চেক/ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে কিস্তি ভিত্তিক পরিশোধ করা হবে।
১৪. কাজের গুনাগুন, ডিজাইন অনুযায়ী কাজ না করা, অদক্ষ শ্রমিক নিয়োগ, কাজে অপারগ বা ব্যর্থ হলে লিডার্স কার্যাদেশ বাতিল করতে পারবে।
১৫. কাজের ক্ষেত্রে কোন শিশু শ্রমিক নিয়োগ করা অপরাধ হিসাবে গন্য হবে।
১৬. দরপত্রের সাথে হালনাগাদ ট্রেডলাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদপত্র সংযুক্ত করতে হবে।
১৭. দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে লিডার্স-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/ সম্পূর্ণ গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংস্থার নিকট সংরক্ষিত থাকবে।

আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত খামে নিন্ম লিখিত ঠিকানায় সরাসরি অথবা ই-মেইলে পাঠাতে হবে।

সভাপতি,
ক্রয় কমিটি,
লিডার্স
প্রধান কার্যালয়, গ্রামঃ-মুন্সিগঞ্জ, পোষ্টঃ-কদমতলা (সুন্দরবন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পাশে),
থানাঃ-শ্যামনগর, জেলাঃ-সাতক্ষীরা।
মোবইল নংঃ ০১৮৫৪৮০২৩০৮
ই-মেইলঃ- procurement.ledars@gmail.com